

অতিরিক্ত সচিবের দপ্তর	
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	
<input type="checkbox"/> যুগ-সচিব (প্রধান) <input type="checkbox"/> যুগসচিব (জনৈক্রীড়া) <input type="checkbox"/> যুগসচিব (ক্রীড়া-২) <input type="checkbox"/> যুগসচিব (যুব) <input type="checkbox"/> যুগসচিব(যুব-২) <input type="checkbox"/> যুগসচিব (মহাসচিব)	
নথির সংখ্যা	৫০/১০৭৬
তারিখ	২৩/১০

নং-০৫০০,০০০০.১০২.৯৯.০০২.১৩-১৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিআর-৩ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

০৪ কার্তিক, ১৪২৩

তারিখ:.....

১৯ অক্টোবর, ২০১৬

**বিষয়:** কর্মকর্তাগণের ২০১৫ সনের গোপনীয় অনুবেদন সিআর অধিশাখায় পৌছানো সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকারি কর্মকর্তাগণের ২০১৫ সনের গোপনীয় অনুবেদন (দাখিল, অনুমতি এবং প্রতিস্থান হয়ে) সিআর অধিশাখায় পৌছানোর সময়সীমা ৩১ মার্চ, ২০১৬ অতিক্রান্ত হলেও বেশকিছু কর্মকর্তার গোপনীয় অনুবেদন এখনও সিআর অধিশাখায় পৌছায়নি। ইতোমধ্যে অত্র কার্যালয়ে প্রাপ্ত অনুলিপি ও গোপনীয় অনুবেদন পর্যালোচনায় দেখা যাচ্ছে বেশকিছু কর্মকর্তার দাখিলকৃত গোপনীয় অনুবেদন অনুবেদনকারী/প্রতিস্থানকারী পর্যায়ে অনুমতি/প্রতিস্থান/প্রতিস্থানকরের অপেক্ষায় রয়েছে, কিছু কিছু কর্মকর্তা গোপনীয় অনুবেদন দাখিলই করেননি। আবার কিছু কিছু কর্মকর্তা আংশিক গোপনীয় অনুবেদনকে বার্ষিক হিসেবে বা সারা বছরের জন্য উল্লেখ করে দাখিল করেছেন, যা যথাযথ নয়।

উল্লেখ্য, গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালা অনুযায়ী বদলী/পদোন্নতি ইত্যাদি কারণে পৃথক কোন কর্মসূল বা পৃথক কোন অনুবেদনকারীর নিকট কর্মকাল ন্যূনতম ০৩ মাস হলে আবশ্যিকভাবে পৃথক আংশিক গোপনীয় অনুবেদন দাখিল করতে হবে।

কোন কর্মসূলে একাধিক অনুবেদনকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে কর্মরত থাকার ক্ষেত্রে কোন অনুবেদনকারীর নিয়ন্ত্রণে কর্মকাল ০৩ মাস না হয়ে প্রতিস্থানকারীর নিয়ন্ত্রণে ০৩ মাস হলে (যথোপযুক্ত প্রমাণসহ) অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক আবশ্যিকভাবে বিষয়টি অগ্রগামীপত্রে উল্লেখপূর্বক প্রতিস্থানকারীর নিকট গোপনীয় অনুবেদন দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রতিস্থানকারী কর্তৃক অনুমতি/প্রতিস্থানকরের পর ৭ম অংশে কারণটি উল্লেখ করে তা অগ্রায়ন করতে হবে।

নির্ধারিত সময়ের একবছর পর গোপনীয় অনুবেদন দাখিল/অনুমতি/প্রতিস্থান শেষে সিআর অধিশাখায় প্রেরণ করলে তা গ্রহণযোগ্য নয়।

এমতাবস্থায়, অনুগ্রহপূর্বক আপনার/আপনার অধীনস্থ যে সকল কর্মকর্তার ২০১৫ সনের প্রযোজ্য আংশিক বা বার্ষিক গোপনীয় অনুবেদন এখনও সিআর অধিশাখায় পৌছায়নি তা দাখিল/অনুমতি/প্রতিস্থানকরের পৃয়োজনীয় ব্যবস্থাপূর্বক জরুরি ডিস্টিনেশনে ০১ ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে সিআর অধিশাখায় পৌছানোর নির্দেশক্রমে বিশেষ অনুরোধ করা হ'ল।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৩৪,০০,০০০০,০৪১,০৯,০৩১,১১,১১২১

তারিখ: ০৩-১১-২০১৬

জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কর্মকর্তাগণের ২০১৫ সনের গোপনীয় অনুবেদন সিআর অধিশাখায় আগামী ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখের মধ্যে পৌছানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা।
- ৪। যুগসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- ৬। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, ঢাকা।
- ৭। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, ঢাকা।
- ৮। উপসচিব (সকল)/উপপ্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।  
(ইহা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

(হোসন আফরোজা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৫৫০৩